বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

নং-বামাশিবো/কমন/১৫৬/আর-৭১ তারিখ ঃ ২০/০২/২০১২ খ্রিঃ।

২০১২ শিক্ষা বর্ষে জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন দাখিল ও আলিম স্তরের অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত এবং ইসলামী বিশ্বদ্যিালয়ের অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নির্দেশক্রমে নিচে দেয়া হ'ল। **২০১২ শিক্ষা বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের অষ্টম শ্রেণীর রেজিস্ট্রেশন সরাসরি e-SIF পদ্ধতিতে সম্পন্ন করা হবে। সুতরাং বোর্ড থেকে কোন SIF সরবরাহ করা হবে না।**

জেডিসি এর রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য ৩০/০৪/২০১২ তারিখের মধ্যে প্রত্যেক মাদরাসায় চিঠির মাধ্যমে পাসওয়ার্ড সরবরাহ করা হবে। ইতোপূর্বে দাখিল ও আলিম শ্রেণীর রেজিস্ট্রেশনের জন্য সরবরাহকৃত পাসওয়ার্ড নম্বর দিয়ে অন্য শ্রেণীর বা পরবর্তী শিক্ষাবর্ষের একই শ্রেণীর শিক্ষার্থীদের রেজিস্ট্রশন করা যাবে না। অর্থাৎ প্রতি শ্রেণীর জন্য প্রতি বছর নতুনভাবে পাসওয়ার্ড সরবরাহ করা হবে।

টটলিস্ট প্রস্তুত ও সংরক্ষণঃ

ক. ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের তথ্যের মুল ভিত্তি হলো জেডিসি/জেএসসি পরীক্ষা। এখানে যেভাবে তার নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদি এন্ট্রি করা হবে। পরবর্তীতে দাখিল/এস.এস.সি/, আলিম/এইচ.এস.সি এবং উচ্চ শিক্ষার সকল ক্ষেত্রে এই তথ্যই অপরিবর্তিত থাকবে। সুতরাং জেডিসি রেজিস্টেশনের সকল শিক্ষার্থীর সঠিক ও নির্ভুল তথ্য এন্ট্রি নিশ্চিত করতে হবে।

খ. সাধারণতঃ মাদরাসার ভর্তি রেজিস্ট্রারসহ অন্যান্য সকল ক্ষেত্রেই শিক্ষার্থীদের বাংলা নাম ব্যবহার করা হলেও অনলাইন রেজিস্ট্রেশনে যেহেতু সকল তথ্য ইংরেজিতে পূরণ বাধ্যতামূলক; সুতরাং শিক্ষার্থীদের টটলিস্ট প্রস্ততের সময় অবশ্যই ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা ও অভিভাবকবৃন্দের নিকট থেকে নামের সঠিক ইংরেজি বানান নিশ্চিত হয়ে টটলিস্ট প্রস্তুত করতে হবে। কেননা একই পিতা-মাতার অন্যান্য সন্তানদের শিক্ষা সনদে ব্যবহৃত ইংরেজি নামের সংগে প্রতিষ্ঠানের অধ্যয়নরত শিক্ষার্থীর সনদের নামের ভিন্নতা থাকলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। সুতরাং ভবিষ্যতে এ ধরণের জটিলতা এড়ানোর লক্ষ্যে অভিভাবকদের সহায়তায় একটি নির্ভুল টটলিস্ট প্রস্তুত করে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল মাদরাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

রেজিস্ট্রেশন ফি জমা দান সংক্রান্ত নিয়মাবলী

১. ফি জমাদানের তারিখঃ

ক্রমিক	বিষয়	তারিখ
ক)	বিলম্ব ফি ছাড়া ব্যাংকড্রাফটসহ টটলিস্ট উপ-পরিচালকের দপ্তরে অবস্থিত বোর্ডের আঞ্চলিক অফিসে/ঢাকা অঞ্চল বোর্ডে সরাসরি জমা দেয়ার তারিখ	০১/০৩/২০১২ থেকে ২০/০৩/২০১২ পর্যন্ত
খ)	বিলম্ব ফিসহ ব্যাংকড্রাফট ও টটলিস্ট উপ-পরিচালকের দপ্তরে অবস্থিত বোর্ডের আঞ্চলিক অফিসে/ঢাকা অঞ্চল বোর্ডে সরাসরি জমা দেয়ার তারিখ	২১/০৩/২০১২ থেকে ২৯/০৩/২০১২ পর্যন্ত
গ)	বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফি সহ টটলিস্ট অনুযায়ী ছবি সহ সকল শিক্ষার্থীর e-SIF (Electronic Student Information Form) Submission (On Line এ জমাদান) এর তারিখ	০২/০৫/২০১২ থেকে ৩১/০৫/২০১২ পর্যন্ত

২. রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত মোট ফি এর ব্যাংকড্রাফট, EIIN ও মাদরাসা কোড নম্বর সম্বলিত প্যাডে , রেজিস্ট্রার বরাবর আবেদনপত্রসহ উপ-পরিচালকের দপ্তরে অবস্থিত বোর্ডের আঞ্চলিক অফিসে (অঞ্চলের ক্ষেত্রে)/ বোর্ডে ঢাকা অঞ্চল হাতে হাতে জমা দিতে হবে।

৩. **২০১২ শিক্ষাবর্ষের জেডিসি পরীক্ষার** রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি ও টটলিস্ট উপ-পরিচালকের দপ্তরে অবস্থিত বোর্ডের আঞ্চলিক অফিসে জমা দেয়ার সময় পরিশিষ্ট "ক"এ প্রদত্ত নমুনা ছক ("আঞ্চলিক অফিস/বোর্ডে ফি এর ড্রাফট জমা দেয়ার নমুনা ছক" শিরোনামে) মোতাবেক ০২ কপি ছক পূরণ করতঃ ০১ কপি আঞ্চলিক অফিসে জমা দিতে হবে অপর কপি আঞ্চলিক অফিস থেকে রিসিভ করিয়ে নিয়ে সংরক্ষণ করতে হবে যা ব্যাংকড্রাফট গ্রহনের রশিদ হিসেবে গণ্য হবে।

৪. ঢাকা অঞ্চলের মাদরাসা প্রধানগণ ব্যাংকড্রাফট ও টটলিস্ট বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিয়ে রিসিপ্ট সংগ্রহ করবেন । প্রতি মাদরাসা থেকে নমুনা ছক মোতাবেক ২ কপি টটলিস্ট প্রস্তুত করে প্রতি পাতায় মাদরাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে নিয়ে যেতে হবে। বোর্ড/আঞ্চলি কার্যালয় থেকে ১ কপি রিসিভ করিয়ে মাদরাসা প্রধানগণ ফেরত নিবেন এবং অপর কপি আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতিপাতায় পাতায় স্বাক্ষর করে বাংক ড্রাফট জমা দেয়ার সময় বোর্ডে জমা দিবেন। বোর্ডের প্রধান কার্যালয়ে জমাকৃত টটলিস্টের কপি হিসাব আয় শাখার সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা স্বাক্ষর করে উপ-রেজিস্ট্রার (কমন) এর নিকট জমা দিবেন।

৫. বোর্ডে/আঞ্চলিক অফিসে জমাকৃত টটলিষ্টের বাহিরে অন্য কোন শিক্ষার্থীর নামে e-SIF (Electronic Student Information Form) পূরণ করা যাবে না। এই আদেশ অমান্য করা হলে মাদরাসা প্রধানের বিরুদ্ধে পাবলিক পরীক্ষা অধ্যাদেশ ১৯৮০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৬.e-SIF (Electronic Student Information Form) Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি.) দেয়া যাবে না। তবে শুধুমাত্র পিতা-মাতা বা বৈধ অভিবাবক সরকারি চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে প্রতিষ্ঠান(মাদরাসা থেকে মাদরাসা) পরিবর্তনের আবেদন ৩১ মে ২০১২ তারিখ পর্যন্ত করা যাবে।

৭. দাখিল অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত ২০১২ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের বয়স সীমা ০১ জানুয়ারী ২০১২ তারিখে ১১ বছর থেকে ১৭ বছরের মধ্যে হতে হবে।

৮. রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ-

ক্রমিক	বিষয়	ফি এর হার
ক	রেজিস্ট্রেশন ফি	৪০.০০ টাকা
খ	রেড ক্রিসেন্ট ফি	১৫.০০ টাকা
গ	**বিলম্ব ফি ব্যতিত মোট ফি**	**৫৫.০০ টাকা**
ঘ	বিলম্ব রেজিস্ট্রেশন ফি	৫০.০০ টাকা (প্রযোয্য ক্ষেত্রে)
ঙ	**বিলম্ব ফি সহ মোট ফি**	**১০৫.০০ টাকা**

৯. কেবল মাত্র সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে সংগৃহীত ব্যাংক ড্রাফট রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে এবং সোনালী ব্যাংক বি.এম.ই.বি. শাখায় আদায়যোগ্য হতে হবে। ড্রাফটের উল্টো পৃষ্ঠায় মাদরাসা প্রধানের স্বাক্ষর ও নামসহ সীল এবং মাদরাসা কোড অবশ্যই থাকতে হবে।

১০. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একটি ড্রাফট ব্যবহার করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

১১. নতুন অনুমতি প্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে দাখিল ৯ম শ্রেণীতে পাঠদান অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে সংযুক্ত করতে হবে।

১২.ছাত্র/ছাত্রীর নাম,পিতা/মাতার নামের পূর্বে বা শেষে মৃত, হাজী,আলহাজ্জ,কর্ণেল,জজ,মেজর, ব্যরিস্টার,উকিল, ডঃ,ডাক্তার মাস্টার,শিক্ষক,প্রফেসর,অধ্যাপক,অধ্যক্ষ,সুপার,মাওলানা,মৌলভী,হাফেজ,ক্বারী,জনাব,সাহেব,মিস,মিসেস,মোসাম্মাৎ,এম,এ,বি, এ, ইত্যাদি লেখা যাবে না। অর্জিত পদবী ছাড়া বংশীয় পদবী পিতার নামে থাকলে ছাত্র/ছাত্রীর নামে ও (খান,চৌধুরী,শেখ,মজুমদার, ভূঁইয়া ইত্যাদি) লেখা যাবে।

১৩. যে কোন জটিলতা/সমস্যা সৃষ্টি হলে আবেদনপত্রসহ বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সরাসরি যোগাযোগ করে সমাধান করে নিতে হবে।

১৪. যে সকল মাদরাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদরাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবেনা।

১৫. কোন মাদরাসায় অতিরিক্ত বিষয়ে ০৫ জনের কম শিক্ষার্থী হলে ঐ বিষয় নিতে পারবেনা।

১৬. e-SIF (Electronic Student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলীঃ

ক. এ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী পাসওয়ার্ড সম্বলিত পত্রে দেয়া হবে। নিয়মাবলী সম্বলিত পত্রটি মাদরাসা প্রধান অতি যত্নে সংরক্ষণ করবেন। যেখানেই যার মাধ্যমেই অনলাইনে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পুর্নাঙ্গ তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই-বাছাই করতে হবে। যাচাই-বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর মাদরাসা প্রধান বোর্ডের পাসওয়ার্ড সম্বলিত চিঠি থেকে Confirm password টি সংশ্লিষ্ট কম্পিউটার অপারেটর/কম্পিউটার শিক্ষককে সরবরাহ করবেন। কোন ক্রমেই সম্পুর্ণ কাজ শেষ হওয়ার পূর্বে অর্থাৎ নির্ভুল তালিকার প্রিন্ট আউট হাতে পাওয়ার পূর্বে Confirm password ব্যবহার করা যাবে না।

বিঃদ্রঃ অত্র বিজ্ঞপ্তিসহ এ বিজ্ঞপ্তির পরবর্তীতে যে কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) দেয়া হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর আতাউর রহমান খান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড , ঢাকা।

ফোন-৮৬২৬১৩৮ ।

অপর পৃঃ দ্রঃ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

নং-বামাশিবো/কমন/১৫৬/১০/আর-৭১ তারিখ ঃ ২০/০২/২০১২ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ ঃ

১. মাননীয় সচিব,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।

৩. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।

৪. সিষ্টেম এ্যানালিষ্ট (ভারপ্রাপ্ত) শিক্ষাবোর্ড কম্পিউটার কেন্দ্র , ১২/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা ।

৫. আইসিটি ইন চার্জ, মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (অত্র বিজ্ঞপ্তিটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হল)।

৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল।

৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল।

৮. অত্র বোর্ডর অধীনে মঞ্জুরী/৯ম শ্রেণীতে পাঠদান অনুমতি প্রাপ্ত সকল মাদরাসা প্রধানগণ।

৯. পি.এ.টু.চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ।

১০. অফিস কপি।

স্বাক্ষরিত/-
(মোঃ আশরাফুজ্জামান)
উপ-রেজিস্ট্রার (প্রশাঃ)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড , ঢাকা।
ফোন- ৯৬৭৫৪০৩।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

১. টট লিস্ট এর নমুনা ছক ঃ

Bangladesh Madrasah Education Board, Dhaka

TOT List for Junior Dakhil Certificate (JDC) Registration- 2012

Zilla Code- Zilla Name- Post code- Post Office-

Thana Code- Thana Name-

Centre Code- Centre Name-

EIIN No- Madrasah Code- Madrasah Name-

SL No	Students Name	Fathers Name	Mothers Name	Date of birth (For Dakhil Examination only)	Reg. Fee	Late Fee	Total Fee	Students Signature

(৯ ইঞ্চি × ১৪ ইঞ্চি ফুল স্কেপ কাগজে আড়াআড়িভাবে তালিকা প্রস্তুত করতে হবে। তালিকার প্রত্যেক পৃষ্ঠায় মাদরাসা প্রধানের স্বাক্ষর ও সীল থাকতে হবে।)

২. আঞ্চলিক অফিস/ বোর্ডে ফি জমা দেয়ার নমুনা ছক ঃ

EIIN		**মাদরাসা কোড**		**মাদরাসার নাম**	
ডাক ঘর	পোষ্ট কোড	উপ-জেলা	জেলা	বিভাগ	আঞ্চলিক অফিসের নাম

ফি এর বিবরণ ঃ

১	বিলম্ব ফি ছাড়া ছাত্র প্রতি ফি	শিক্ষার্থী সংখ্যা	মোট	মাদরাসা প্রতি ফি	সর্বমোট
	৫৫.০০				
২	বিলম্ব ফিসহ ছাত্র প্রতি ফি				
	১০৫.০০				

ব্যাংক ড্রাফট এর বিবরণ ঃ

ব্যাংক ড্রাফট নং	ড্রাফট এর তারিখ	ব্যাংক শাখার নাম	জেলা	টাকার পরিমাণ	মন্তব্য

মাদরাসা প্রধানের স্বাক্ষর

নামসহ সীল মোহর,মোবাইল নম্বর

আঞ্চলিক অফিস

অফিস সহকারীর স্বাক্ষর সহকারী পরিদর্শকের স্বাক্ষর ও সীল বিঃ দ্রঃ

একাধিকবার ফি জমা দেয়ার ক্ষেত্রেও(বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফিসহ) একই ফরম ব্যবহার করতে হবে। প্রতিবারেই ২টি কপি প্রস্তুত করতঃ ০১ কপি আঞ্চলিক অফিসে জমা দিতে হবে অপর কপি আঞ্চলিক অফিস কর্তৃপক্ষকর্তৃক রিসিভ করিয়ে মাদরাসায় সংরক্ষণ করতে হবে। ২য় বার ফি জমা দেয়ার সময় অবশ্যই ১ম বার জমা দেয়ার বিবরণী ছকের ফটোকপি সংঙ্গে দিতে হবে। একবার ফি জমা দেয়ার জন্য ১ টির বেশী ড্রাফট গ্রহন করা যাবে না ।